

## হারাম ও কবীরা গুনাহ

বিভাগ/অধ্যায়ঃ হারাম ও কবীরা গুনাহ পরিচিতি

রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

### ১২৯. দাবা খেলা

দাবা খেলা আরেকটি হারাম কাজ। এতে করে জুয়ার প্রশস্ত পথ খুলে যায় এবং প্রচুর মূল্যবান সময় বিনষ্ট হয়।

আবু মূসা আশ্‌আরী (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

مَنْ لَعِبَ بِالنَّرْدِ ؛ فَقَدْ عَصَى اللَّهَ وَرَسُولَهُ.

“যে ব্যক্তি দাবা খেললো সে আল্লাহ তা‘আলা ও তদীয় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর অবাধ্য হলো”।

(আবু দাউদ ৪৯৩৮; ইবনু মাজাহ্ ৩৮৩০)

বুরাইদাহ্ (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন:

مَنْ لَعِبَ بِالنَّرْدِ شَيْئًا فَكَأَنَّمَا صَبَغَ، وَفِي رِوَايَةٍ: غَمَسَ يَدَهُ فِي لَحْمٍ خِنْزِيرٍ وَدَمِهِ.

“যে ব্যক্তি দাবা খেললো সে যেন তার হাত খানা শুকরের গোস্ট ও রক্তে রঞ্জিত করলো অথবা তাতে ডুবিয়ে

দিলো”। (মুসলিম ২৬৬০; আবু দাউদ ৪৯৩৯; ইবনু মাজাহ্ ৩৮৩১)

Source — <https://www.hadithbd.com/books/link/?id=6805>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন